খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

# খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
## Khulna Water Supply & Sewerage Authority
৭নং রুজভেল্ট জেটি ঘাট রোড (জোড়াগেট নিকটবর্তী), খালিশপুর, খুলনা-৯০০০।

স্মারক নং- ৪৬.০৭.০১৬.০১.০০.০৫২.২০১০-৩৬৪৫ তারিখ : ২৪/৭/২০১৭ খ্রি:

**বিষয়: স্থানীয় সরকার বিভাগের ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: ৪৬.০৯১.০১৬.০০.০০.০০২.২০১১-৩৯, তারিখ:৪/০৭/২০১৭ খ্রি: মনিটরিং-৩ শাখা, স্থানীয় সরকার বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে চাহিত খুলনা ওয়াসার তথ্যাদি প্রেরিত ছকে পূরণ পূর্বক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ৬ পাতার ১ফর্দ।

২৪/৭/২০১৭
(মোঃ আব্দুল্লাহ, পি.ইঞ্জ)
ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা, খুলনা।

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃ:আ: সহকারী সচিব, মনিটরিং-৩ শাখা, স্থানীয় সরকার বিভাগ।

**Phone :** +88-041-762996, **Fax:** +88-041-762909, **e-mail:** mdkwasa@yahoo.com
পানি ব্যবহারে মিতব্যয়ী হউন, নিয়মিত বিল পরিশোধ করুন।

# খুলনা ওয়াসার ২০১৬-১৭ অর্থ বছরের কর্মকান্ডের উপর চাহিত তথ্য প্রতিবেদন

১। **ভূমিকা:** নগরবাসীর চাহিদা অনুযায়ী খুলনা ওয়াসা নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার বহুমুখী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে সর্বাত্মকভাবে কাজ করে যাচ্ছে।

২। **বিবর্তনের ইতিহাস :** খুলনা সিটি কর্পোরেশন সৃষ্টি হওয়ার পূর্বে খুলনা শহরে পানি বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা দ্বারা পরিচালিত হত। ১৯৮৪ সাল থেকে সৃষ্ট পানি সরবরাহ বিভাগ খুলনা সিটি কর্পোরেশন এর অধীনে পরিচালিত হয়ে আসছিল। নগরবাসীর চহিদার পরিপ্রেক্ষিতে গত ২/৩/২০০৮ খ্রি: তারিখ বাংলাদেশ সরকার কর্তৃক পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ এর মাধ্যমে খুলনা ওয়াসার সৃষ্টি হয়।

৩। **লক্ষ্য ও উদ্দেশ্য :** খুলনা শহরের নগরবাসীর মধ্যে সুপেয় পানি সরবরাহ করার লক্ষ্যে সরকার খুলনা ওয়াসা ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা) প্রতিষ্ঠা করেছে। খুলনা ওয়াসা খুলনা নগরবাসীদের জন্য উৎপাদক নলকূপ, ভূ-উপরিস্থ পানি শোধনাগার ও পাইপ লাইন এর মাধ্যমে নিরাপদ সুপেয় পানি সরবরাহ, স্ট্রীট-হাইড্রেন্ট এর মাধ্যমে পানি সরবরাহ এবং বিশেষ প্রয়োজনে গ্রাহকের চাহিদার পরিপ্রেক্ষিতে ট্যাংকির মাধ্যমে পানি সরবরাহের ব্যবস্থা করে থাকে।

৪। **সাংগঠনিক কাঠামো ও জনবলসহ খুলনা ওয়াসার সকল প্রশাসনিক কার্যক্রমের বিবরণ :** ২৫/১১/০৮ খ্রি: তারিখে ১৫৭ জন কর্মকর্তা/কর্মচারীর সংস্থান রেখে রাজস্ব খাতের আওতায় অস্থায়ীভাবে খুলনা ওয়াসার জনবল অনুমোদিত হয়। ১৫৭ জনের মধ্যে খুলনা সিটি কর্পোরেশনের সাবেক পানি সরবরাহ বিভাগের ১০৯ জন কর্মকর্তা/কর্মচারীকে খুলনা ওয়াসায় বিভিন্ন পদে আত্মীকরণ এর কাজ সম্পন্ন হয়েছে। এ ছাড়া ১ জন ব্যবস্থাপনা পরিচালক ও ১ জন উপ ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল) চুক্তি ভিত্তিক নিয়োগে কর্মরত আছেন। ১ জন উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থও প্রশাসন) ও ১ জন সচিব কে প্রেষনে সরকার কর্তৃক নিয়োগ দেওয়া হয়েছে। খুলনা ওয়াসার সৃষ্টিলগ্ন ২০০৮ সাল থেকে বর্তমান ২০১৬-১৭ অর্থ বছর পর্যন্ত কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় মন্ত্রণালয় কর্তৃক অস্থায়ীভাবে সৃজনকৃত ৭৬টি পদ এবং পূবে সৃজনকৃত পদ ১৫৭টি পত থেকে খুলনা সিটি কর্পোরেশন থেকে হস্তান্তরিত ১৩৪ জন মাস্টার রোল কর্মচারীদে মধ্য ৭০ জন কর্মচারীকে স্থায়ীভাবে নিয়োগ দেয়া হয়। খুলনা ওয়াসার সাংগঠনিক জনবলের তথ্য নীচে দেখানো হলো :

| গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ম গ্রেড | - | – | ১১তম গ্রেড | - | - |
| ২য় গ্রেড | ১টি | ১টি | ১২ তম গ্রেড | - | - |
| ৩য় গ্রেড | ১টি | ১টি | ১৩ তম গ্রেড | ১১ টি | ৯টি |
| ৪র্থগ্রেড | ২ টি | ০ | ১৪তম গ্রেড | ৬ টি | ৪টি |
| ৫ম গ্রেড | ২ টি | ০ | ১৫তম গ্রেড | ৯ টি | ৮টি |
| ৬ষ্ঠ গ্রেড | ৫ টি | ৪ টি | ১৬ তম গ্রেড | ৬০ টি | ৫৬টি |
| ৭ম গ্রেড | - | - | ১৭তম গ্রেড | ৪ টি | ৪টি |
| ৮ম গ্রেড | - | - | ১৮তম গ্রেড | ৬০ টি | ৫২টি |
| ৯ম গ্রেড | ৯ টি | ৪ টি | ১৯তম গ্রেড | ২১ টি | ২১টি |
| ১০ম গ্রেড | ২০ টি | ১৪ টি | ২০তম গ্রেড | ২২ টি (আউট সোর্সিং) | - |

বি:দ্র: এছাড়া ওয়াসা সৃষ্টির সময় খুলনা সিটি কর্পোরেশন হতে হস্তান্তরিত ১৩৪ জন মাস্টাররোল কর্মচারীর মধ্যে ৭০ জনকে নিয়োগ দেয়ার পর এখনও ৬৪ জন কর্মচারী মাস্টার রোল হিসেবে কর্মরত রয়েছে।

৫। **২০১৬ - ১৭ অর্থ বছরে রাজস্ব আয়ের খাতভিত্তিক বিবরণী:**

| খাত | লক্ষ্য মাত্রা | অর্জন | বকেয়া/বকেয়া আদায় | বকেয়া আদায়ে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| পানির বিল | ২,৫৫,৪৮,৫০২/- | ২,৭৭,৭০,১১১/- | অতিরিক্ত ২৫,১৫,৪৯৬/ টাকা পূর্বের বকেয়া আদায় | * ডিমান্ড নোটিশ প্রদান।<br>* ডিমান্ড নোটিশ অনুসারে আদায়ের নিমিত্তে বাড়ি বাড়ি গিয়ে বকেয়া আদায়ের ব্যবস্থা গ্রহণ।<br>* বকেয়া আদায়ের লক্ষে টেলিফোনে গ্রাহকের সাথে যোগাযোগ।<br>* কম্পিউটারাইজড বিল প্রদান।<br>* বকেয়া পানির বিল পরিশোধের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি, হ্যান্ডবিল এবং মাইকিং করা, টেলিভিশনে স্ক্রল নিউজ প্রদর্শন।<br>* সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান পরিচালনা করা। |
| পানির সংযোগ ফি | ২৮,৩৩,৬৩৩/- | ৩০,৮০,০৩৬/- | | |
| গভীর নলকূপ হতে রাজস্ব | ১,৩৮,৬৯০/- | ১,৫০,৭৫০/- | | |
| গাড়ীতে পানি বিক্রয় | ২,৪৮,৬৫৩/- | ২,৭০,২৭৫/- | | |
| দরপত্র /সিডিউল বিক্রয় | ১৫,১৮০/- | ১৬,৫০০/- | | |
| বিবিধ (পানির সংযোগ আবেদন ফরম, নাম পরিবর্তন ফি ও বিবিধ) | ১,৪৩,৫৪৮/- | ১,৫৬,০৩০/- | | |
| মোট= | ২,৮৯,২৮,২০৬/- | ৩,১৪,৪৩,৭০২/- | | |

৬. চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বিবরণী (লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম/ অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/ সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০১৬-১৭ অর্থ বছর) | | অগ্রগতি (২০১৬-১৭ অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| ১ | খুলনা পানি সরবরাহ প্রকল্প। প্রকল্প ব্যয়: ২৫৫৮৩৩.৭২ (ADB = ৫২৩৭৭.৯৬ , JICA = ১২৮৪১২.৭৮ এবং GOB = ৭৫০৪২.৯৮) বাস্তবায়নকাল: জুলাই ২০১১ - জুন ২০১৮ | খুলনা মহানগরীতে পর্যাপ্ত পরিমান সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করণে ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা কমিয়ে ভূ-উপরিস্থ পানি শোধনকরে দৈনিক ১১ কোটি লিটার পরিশোধিত পানি সরবরাহ করা। যাহার মধ্যেমে পানি সরবরাহের কভারেজ প্রায় ৪৬% বৃদ্ধি পাবে। | **রাজস্ব খাত** | | | | |
| | | | পরামর্শক জাইকা ও এডিবি অংশ (বৈদেশিক ও স্থানীয় পরামর্শক,সাপোর্টিং স্টাফ এবং পরামর্শকের জন্য সরাসরি খরচ, আবাসন-অফিস ভাড়া,যানবহন ভাড়া, ও স্থানীয় যোগাযোগ এবং রিপোর্ট তৈরি) | জনমাস | ১০৭০.০০ | জনমাস | ১০৭০.০০ |
| | | | অফিসার ও কর্মচারীদের বেতন | থোক | ৯৬.৯৩ | থোক | ৯৬.৯৩ |
| | | | জ্বালনী ও রক্ষনাবেক্ষণ ও বিবিধ (পিএসসি/ পিআইসি/টেক সদস্যদের সম্মানী) | থোক | ২৭.০৭ | থোক | ২৭.০৭ |
| | | | **মোট রাজস্ব ব্যয় =** | | **১১৯৪.০০** | | **১১৯৪.০০** |
| | | | **মুলধন খাত** | | | | |
| | | | ১১০ MLD Surface Water Treatment Plant নির্মাণ ও ১টি ৭৭৫ মিলিয়ন লিটার ধারণক্ষম Impounding Reservoir নির্মাণ | ২৭% | ১২৫৮৬.৮৬ | ২৭% | ১২৫৮৬.৮৬ |
| | | | ১টি ১১০ MLD ক্ষমতার Water Intake facility নির্মাণ ও ৩৩ কিঃ মিঃ Raw Water Transmission pipe Line | ৪৫% | ২৮৬৮৫.৮২ | ৪৫% | ২৮৬৮৫.৮২ |
| | | | ৩৬ কিঃ মিঃ Clear Water Transmission pipe Line নির্মাণ | ২০% | ২০১৫.৯৮ | ২০% | ২০১৫.৯৮ |
| | | | ১০টি ওভারহেড ট্যাঙ্ক এবং ৭টি Distribution Reservoir নির্মাণ | ২০% | ২৭৯৩.৬০ | ২০% | ২৭৯৩.৬০ |
| | | | ৬৫০কিঃ মিঃ বিভিন্ন ব্যাসের বিতরণ পাইপ লাইন নির্মাণ | ৩৫% | ৫৯৪২.৫৩ | ৩৫% | ৫৯৪২.৫৩ |
| | | | ৬ তলা বিশিষ্ট ওয়াসা প্রধান অফিস ও দুইটি জোনাল অফিস নির্মাণ | ১০% | ১০১.৯৪ | ১০% | ১০১.৯৪ |
| | | | সুপেয় পানির বোতলজাতকরণ প্লান্ট নির্মাণ ১টি | ১০% | ৯০.৬৬ | ১০% | ৯০.৬৬ |
| | | | **সম্পদ সংগ্রহ ও ক্রয়** | | | | |
| | | | অফিস সাপ্লাই, ফার্নিচার, এয়ার কুলার | থোক | ২০.৮৩ | থোক | ২০.৮৩ |
| | | | হার্ডওয়্যার ও সফটওয়্যার কার্যক্রম গ্রহণ | থোক | ২৪০.৯৪ | থোক | ২৪০.৯৪ |
| | | | পুণর্বাসন ( ভূমি ও সম্পদের ক্ষতিপূরণ) | থোক | | থোক | |
| | | | ভ্যাট-১ (স্থানীয় ও বিদেশী পরামর্শকের জন্য অর্থের ১৫%) | থোক | ১৪৭২.৮৪ | থোক | ১৪৭২.৮৪ |
| | | | আমদানী শুল্ক ( নির্মাণ/প্রকিউরমেন্ট এর জন্য বৈদেশীক অর্থের ৩০%) | থোক | ৮৫০০.০০ | থোক | ৮৫০০.০০ |
| | | | **মোট মুলধন ব্যয় =** | | **৬২৪৫২.০০** | | **৬২৪৫২.০০** |
| | | | **মোট ব্যয় (রাজস্ব + মুলধন) =** | | **৬৩৬৪৬.০০** | | **৬৩৬৪৬.০০** |

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম/অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/ সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০১৬-১৭ অর্থ বছর) | | অগ্রগতি (২০১৬-১৭ অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| ২ | উৎপাদক নলকূপ স্থাপন এবং পানি সরবরাহ নেটওয়ার্ক উন্নয়ন।<br>প্রকল্প ব্যয়: ২৩১৬.৬৫ (জিওবি- ১৯৬৮.২৮ নিজস্ব তহবিল:- ৩৪৭.৩৬)<br>বাস্তবায়নকাল: জুলাই'২০১৪- ডিসেম্বর'২০১৬ | চলমান পানি সংকট মোকাবেলা করার জন্য মহানগরীতে ৮ এমএলডি (৮০ লক্ষ লিটার) পানি সবরাহ করা। পানি সরবরাহ পাইপ লাইন স্থাপন ও মিটারসহ পানির সংযোগ প্রদান করে পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি করা। | **ক. রাজস্ব খাত** | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| | | | অফিস সাপ্লাইজ, লজেস্টিক সাপোর্ট,সম্মানী অন্যান্য ব্যয় | থোক | ১.০০ | থোক | ১.০০ |
| | | | **মোট রাজস্ব ব্যয় =** | | **১.০০** | | **১.০০** |
| | | | **খ. মুলধন খাত** | | | | |
| | | | স্থাপন কাজ | | | | |
| | | | গভীর উৎপাদক নলকূপ স্থাপন (টেস্ট টিউব ওয়েল ও পাম্প হাউজ নির্মাণ) | ৪টি | ১১৬.৩০ | ৪টি | ১১৬.৩০ |
| | | | ফ্লো মিটার চেম্বার নির্মাণ ফিটিংসসহ | ১৫০০টি | ৪.৫০ | ১৫০০টি | ৪.৫০ |
| | | | পানি সরবরাহ পাইপ লাইন নির্মাণ ফিটিংসসহ | ৫.৪৭ কি:মি: | ২৫.৫০ | ৫.৪৭ কি:মি: | ২৩.৫০ |
| | | | রাস্ত কাটা ক্ষতিপুরন | ৫.৪৭ কি:মি: | ৮১.২০ | ৫.৪৭ কি:মি: | ৮১.২০ |
| | | | ডাবল কেবিন পিক-আপ | ১টি | ৪৬.০০ | ১টি | ৪৬.০০ |
| | | | **মোট মুলধন ব্যয় =** | | **২৭১.৫০** | | **২৭১.৫০** |
| | | | **মোট ব্যয় (রাজস্ব + মুলধন) =** | | **২৭২.৫০** | | **২৭২.৫০** |

| ক্রমিক নং | প্রকল্পের নাম/অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/ সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০১৫-১৬ অর্থ বছর) | | অগ্রগতি (২০১৫-১৬ অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩ | খুলনা শহরে পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণ।<br>প্রাক্কলিত ব্যয়.ঃ ৩৩৪৮.২৯ লক্ষ টাকা (জিওবি- ৩১৮০.৮৮ লক্ষ টাকা এবং খুলনা ওয়াসা নিজস্ব - ১৬৭.৪১ লক্ষ টাকা )<br>প্রকল্পের মেয়াদকাল: জুলাই ২০১৫- জুন ২০১৮ | প্রকল্পটি বাস্তবায়িত হলে চলমান পানি সংকট মোকাবেলা করার জন্য উৎপাদক নলকূপ স্থাপন ও পূনর্বাসনের মাধ্যমে ২০ এমএলডি (২ কোটি লিটার) পানি সরবরাহ করা এবং ৬,০০০ টি মিটারসহ সংযোগ প্রদান করে পানির সবরাহের কভারেজ বৃদ্ধি করা। | **ক. রাজস্ব খাত** | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| | | | ক. কন্সালটেন্সী (সুপারভিশন) খ. সাপোর্টিং স্টাফ<br>গ. প্রত্যক্ষ ব্যয় (যানবাহন ভাড়া, চালকসহ যানবাহের পরিচালন ও রক্ষনাবেক্ষন, স্টেশনারী দ্রব্য ও আসবাবপত্র, তত্ত্বাবধায়ক সহকারী ও বিভিন্ন রিপোর্ট প্রস্তত। | থোক | ১১.০০ | থোক | ১১.০০ |
| | | | **মোট রাজস্ব ব্যয় =** | | **১১.০০** | | **১১.০০** |
| | | | **খ. মুলধন খাত** | | | | |
| | | | মালামাল | | | | |
| | | | গভীর উৎপাদক নলকূপের মালামাল (পাইপ, ফিটিংস, পাম্প মোটরসহ ইলেকট্রিক ও ম্যাকানিকাল মালামাল) | ১৫টি | ৩৩৭.৫৯ | ১৫টি | ৩৩৭.৬৯ |
| | | | অন্যান্য ব্যয় ( সম্মানী, স্টেশনারী,পত্রিকা বিল, লজেস্টিক সাপোর্ট ইত্যাদি) | থোক | ৩.৪১ | থোক | ৩.৪১ |
| | | | **মোট মুলধন ব্যয় =** | | **৩৪১.০০** | | **৩৪১.০০** |
| | | | **মোট ব্যয় (রাজস্ব + মুলধন) =** | | **৩৫২.০০** | | **৩৫২.০০** |

## ৭। মানব সম্পদ উন্নয়ন :

**দেশে প্রশিক্ষণ:**

| ক্রমিক নং | প্রশিক্ষনের মেয়াদ ও স্থান | প্রশিক্ষন গ্রহনকারীর সংখ্যা | প্রশিক্ষন কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ১২/০৬/২০১৭ খ্রি: হতে ১৩/০৬/২০১৭ পর্যন্ত সিনিয়র প্রোগ্রামার ও ইন-চার্জ আঞ্চলিক কার্যালয়, খুলনা। | ২ জন | Making Digital Presence, Effective for Digital Government- শীর্ষক সেমিনার। |
| ২ | ৩০/০৫/২০১৭ খ্রি:, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। | ৩ জন | নাগরিক সেবার মানোন্নয়নে ২য় প্রজন্মের সিজিজেন চার্টারের কার্যকরী ব্যবহার শীর্ষক কর্মশালা। |

| | | | |
|---|---|---|---|
| ৩ | ০৩/০৫/২০১৭ খ্রিঃ, ইনস্টিটিউট অব পাবলিক ফাইনান্স (আই পি এফ), ঢাকা। | ২ জন | বাস্তবায়নাধীন সরকারী ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ আইবাস ++ বাজেট বাস্তবায়ন মডিউলের উপর প্রশিক্ষণ। |
| ৪ | ২৬/০৪/২০১৭ খ্রিঃ, ইনস্টিটিউট অব পাবলিক ফাইনান্স (আই পি এফ), ঢাকা। | ২ জন | বাজেট প্রণয়নের উপর কর্মশালা। |
| ৫ | ২৩/০৪/২০১৭ খ্রিঃ হতে ০৪/০৫/২০১৭ খ্রিঃ পর্যন্ত আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা। | ১ জন | 12th Modern Office Management Course (Class-1) – বিষয়ক প্রশিক্ষণ। |
| ৬ | ২৯/০৩/২০১৭ খ্রিঃ, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা। | ১ জন | Seminar on Medium Term Budget Framework (MTBF) - শীর্ষক সেমিনার। |
| ৭ | ১২/০১/২০১৭ হতে ২৬/০২/২০১৭ খ্রিঃ পর্যন্ত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল,খুলনা। | ১৪ জন | Auto CAD প্রশিক্ষণ। |
| ৮ | ১৯/১২/২০১৭ খ্রিঃ, ইনস্টিটিউট অব পাবলিক ফাইনান্স (আই পি এফ), ঢাকা। | ২ জন | বাস্তবায়নাধীন সরকারী ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ আইবাস ++ বাজেট বাস্তবায়ন মডিউলের উপর প্রশিক্ষণ। |
| ৯ | ১৮/১২/২০১৭ খ্রিঃ হতে ২১/১২/২০১৬ পর্যন্ত | ১ জন | Faecal Sludge and Septage Management - শীর্ষক কর্মশালা। |
| ১০ | ০৬/১২/২০১৭ খ্রিঃ, ইনস্টিটিউট অব পাবলিক ফাইনান্স (আই পি এফ), ঢাকা। | ২ জন | বাস্তবায়নাধীন সরকারী ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ আইবাস ++ বাজেট বাস্তবায়ন মডিউলের উপর প্রশিক্ষণ। |
| ১১ | ০১/১০/২০১৬ হতে ২৭/১০/২০১৬ পর্যন্ত শিল্প সম্পর্ক শিক্ষায়তন, খুলনা। | ৩ জন | ৬৫ তম শিল্প সম্পর্ক প্রশিক্ষণ |

**বিদেশে প্রশিক্ষণঃ**

| ক্রমিক নং | প্রশিক্ষনের মেয়াদ ও স্থান | প্রশিক্ষন গ্রহনকারীর সংখ্যা | প্রশিক্ষন কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ০৫/০৫/২০১৭ হতে ০৩/০৬/২০১৭ পর্যন্ত, চায়না। | ১জন | Training Course on Water Supply and Waste Water Treatment Technology for Developing Countries শীর্ষক প্রশিক্ষণ। |
| ২ | ২৮/০৫/২০১৭ হতে ১৭/০৬/২০১৭ খ্রিঃ পর্যন্ত, সুইডেন। | ১জন | ITP 301 A Sustainable Urban Water and Sanitation-Integerated Processes শীর্ষক প্রশিক্ষণ। |

৮। **অডিট সংক্রান্ত তথ্যঃ**

পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক খুলনা ওয়াসার সৃষ্টিকাল হতে ২০০৮-১০, ২০১০-১২, ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থ বছরের অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। অডিট আপত্তিতে মোট ৩৪ টি আপত্তি উত্থাপন করা হয়। যার মধ্যে ২৭ টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৭ টি সাধারণ অনুচ্ছেদ রয়েছে। উক্ত ৩৪ টি আপত্তি হতে এ পর্যন্ত ০৮ টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৫ টি সাধারণ অনুচ্ছেদ সহ মোট ১৩ টি অপত্তি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ১৯ টি অগ্রিম অনুচ্ছেদ ও ০২ টি সাধারণ অনুচ্ছেদ সহ মোট ২১ টি অনুচ্ছেদের নিষ্পত্তি মূলক জবাব প্রেরণ করা হয়েছে, যার মাধ্যে ১৯ টি অগ্রিম অনুচ্ছেদ স্থানীয় সরকার বিভাগ থেকে সুপারিশ করে পূর্ত অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

**৯। ২০১৬ - ১৭ অর্থ বছরের অর্জন/ সাফল্য :**

- খুলনা মহানগরীতে ৩ টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে, যাহার মাধ্যমে ৩ এমএলডি পানি উৎপাদন ও সরবরাহ করা হচ্ছে।
- বর্তমান জুন ২০১৭ পর্যন্ত পানি সরবরাহের পরিমান ১১৯.৫০ এম এল ডি -তে উন্নীত হেয়েছে ।
- খুলনা মহানগরীতে পানি সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে ২০১৬-১৭ অর্থ বছরে ১০১৭ টি হোল্ডিং এ পানির সংযোগ প্রদান করা হয়েছে।
- পানি সরবরাহের পাইপ লাইনে ৯৮ টি লিক মেরামত করে পানির অপচয় (এনআরডব্লিউ) হ্রাস করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
- পানির অপচয় রোধকল্পে ও পানির ব্যবহার অনুযায়ী বিল নির্ধারণের লক্ষ্যে পূর্বের মাসিক ফ্ল্যাট রেইট (ব্যাস পদ্ধতি) এর পরিবর্তে মিটারিং ব্যবস্থা চালুর লক্ষ্যে পানির সংযোগে ফ্লো মিটার স্থাপন করা হচ্ছে। জুন ২০১৭ পর্যন্ত ৫৫% পানির সংযোগে ফ্লো মিটার স্থাপন করা হয়েছে।
- জুন ২০১৭ পর্যন্ত রাজস্ব আদায়ের হার বৃদ্ধি পেয়ে ৯৫% উন্নীত হয়েছে।
- খুলনা ওয়াসা ইতোমধ্যেই কম্পিউটারাইজড বিলিং সফটওয়্যার চালু করেছে। যার মাধ্যমে গ্রাহকদের পানির সংযোগের ও বিলের বিস্তারিত তথ্য সহজে জানা যাচ্ছে। প্রতি গ্রাহকের সংযোগ প্রদান থেকে শুরু করে মাসিক বিল সহ রাজস্ব আদায় সম্পর্কে তথ্য জানা যাচ্ছে।


- খুলনা ওয়াসার সার্বক্ষণিক কল সেন্টার (০১৯ ৯৯ ৪৪ ৫৫ ৬৬) চালু হয়েছে। এছাড়াও গ্রাহক যেকোনো সময় খুলনা ওয়াসার ওয়েবসাইটে লগইন করে তার সেবা সংক্রান্ত সমস্যা লিপিবদ্ধ করতে পারবে এবং দাখিল কৃত অভিযোগের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে জানতে পারবেন।
- ই-জিপি পোর্টালের আওতায় খুলনা ওয়াসার যাবতীয় টেন্ডার কার্যক্রম ইলেক্ট্রনিক পদ্ধতিতে করা হচ্ছে। ডিজিটাল পদ্ধতিতে অনলাইনে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন, দরপত্র আহবান, উন্মুক্তকরণ ও মুল্যায়ন, চুক্তি সম্পাদনের নোটিশ প্রদান ও চুক্তি সম্পাদনসহ যাবতীয় ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে।
- ডিজিটাল যুগের সাথে তাল মিলিয়ে অগ্রসর হতে খুলনা ওয়াসার গ্রাহকগণ যেকোনো সময় ঘরে বসেই তাদের নিজ নিজ মোবাইল ফোন থেকে "জি-পে" বা "শিওর ক্যাশ" অ্যাপ এর মাধ্যমে খুলনা ওয়াসার পানির বিল পরিশোধ করতে পারেন।
- খুলনা ওয়াসার ডায়নামিক ওয়েবসাইট চালু করা হয়েছে (http://www.kwasa.org.bd)। খুলনা ওয়াসার গ্রাহক সেবা সম্পর্কিত যাবতীয় তথ্য সহ দাপ্তরিক সকল সাধারণ তথ্য ও যাবতীয় ফরম ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। গ্রাহকগণ যেকোনো সময় খুলনা ওয়াসার ওয়েবসাইটে লগইন করে তাদের নিজ নিজ পানির বিলের তথ্য সরাসরি দেখতে পারবেন।
- কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়্যার চালু হয়েছে। ডিজিটাল পদ্ধতিতে বর্তমানে স্বয়ংক্রিয়ভাবে ই-বিলিং সফটওয়্যারের মাধ্যমে আদায়কৃত রাজস্ব একাউন্টিং সফটওয়্যার এর সাথে সমন্বয়ের মাধ্যমে নিয়মিতভাবে যাবতীয় হিসাব কাজ সম্পন্ন করা হচ্ছে। খুলনা ওয়াসায় কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের বেতনসহ অন্যান্য ভাতাদি পে রোল সফটওয়্যারের মাধ্যমে প্রস্তুত করা হচ্ছে।
- খুলনা ওয়াসার সম্পদ সমূহ সুষ্ঠুভাবে সংগ্রহ, বণ্টন ও অপচয় রোধে ইতোমধ্যেই কম্পিউটারাইজড ইনভেনটরি সফটওয়্যার চালু করা হয়েছে। ফলে ক্রয়কৃত ও ভান্ডারে মজুদকৃত সম্পদের পরিমাণ স্বয়ংক্রিয়ভাবে হালনাগাদকরণ ও সুষ্ঠু হিসাবরক্ষণ সম্পন্ন হবে।
- **সামাজিক যোগাযোগ মাধ্যমে খুলনা ওয়াসার অন্তর্ভুক্তির** লক্ষ্যে খুলনা ওয়াসার দাপ্তরিক গুগল প্লাস আইডি, ফেসবুক পেজ লিঙ্ক, টুইটার পেজ লিংক, সরাসরি ভিডিও কলের জন্য স্কাইপি আইডি ও ইউটিউব চ্যানেল ইত্যাদি ইতোমধ্যেই খোলা হয়েছে।
- "খুলনা পানি সরবরাহ প্রকল্প " এর আওতায় কার্যক্রম:

  - খুলনা ওয়াসার ১০ তলা বিশিষ্ট (প্রথম পর্যায়ে ৬ তলা) প্রধান কার্যালয় ভবনের নির্মাণ কাজ জুন ২০১৬-তে সমাপ্ত হয়েছে।



জুন ২০১৬-তে সমাপ্ত খুলনা ওয়াসা ভবন।

  - মহানগরীতে বিভিন্ন স্থানে ৭টি Distribution Reservoir (৫০০০ থেকে ১৩৫০০ ঘ: মি: ক্ষমতা সম্পন্ন) এবং ১০ টি Overhead Tanks (৪০০ঘ: মি: ক্ষমতা সম্পন্ন ৫টি এবং ৬৫০ ঘ: মি: ক্ষমতা সম্পন্ন ৫টি ) এর নির্মাণ কাজ চলমান রয়েছে । ইতোমধ্যে ৮৫% কাজ সমাপ্ত হয়েছে। বাকি কাজ ৩০/১২/২০১৭ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন হবে।



৬৫০ ঘন মিটার ক্ষমতা সম্পন্ন Overhead Tank এর নির্মাণ কাজ।

* Clear Water Transmission Mains including River crossing কাজে বিদেশ হতে ৩০০ হতে ১২০০ মি:মি: ব্যাসের ডাকটাইল আয়রন পাইপ, ফিটিংস এবং এইচডিপিই পাইপ আমদানী করা হয়েছে। ইতোমধ্যে ৩০ কি:মি: ডাকটাইল আয়রন পাইপ স্থাপন করা হয়েছে। মোট কাজের ৭০% সমাপ্ত হয়েছে, বাকি কাজ ৩১/১২/২০১৭ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন হবে।




Clear Water Transmission Mains এর ডাকটাইল আয়রন পাইপ স্থাপন।

* Distribution Pipe Network কাজে বিভিন্ন ব্যাসের ৩৩ কি:মি: ডাকটাইল আয়রন পাইপ ও ফিটিংস এবং ৫২৭ কি:মি: এইচডিপিই পাইপ ও ফিটিংস এর মালামাল বিদেশ হতে আমদানী করা হয়েছে। ইতোমধ্যে ডাকটাইল আয়রন পাইপ ১৫ কি:মি: এবং এইচডিপিই পাইপ ৫০০ কি:মি: স্থাপন করা হয়েছে। কাজটির ৭০% সমাপ্ত হয়েছে, বাকি কাজ ৩০/০৬/২০১৮ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন হবে।



* Impounding Reservoir & Surface Water Treatment Plant এ কাজের আওতায় Reservoir নির্মাণের জন্য ২৭০০টি ২২ মিটার দৈর্ঘ্যের স্টিল সিট পাইল বিদেশ হতে আমদানী এবং এর Driving কাজ সম্পন্ন হয়েছে। ১৭০০ টি cast-in-situ pile এর কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া clear water reservoir, filter tank ও sedimentation tank এর basement vertical wall এর কাজ সম্পন্ন হয়েছে। বর্তমান কাজের বাস্তব অগ্রগতি ৬০%। কাজটি ৩০/৪/২০১৮ খ্রি: তারিখে সম্পন্ন হবে।



সামন্তসেনা ও পাথরঘাটা, রূপসা, খুলনা।

* Water Intake facilities and Raw Water Transmission Pipe line নির্মাণের লক্ষ্যে ইতোমধ্যে ইনটেক পয়েন্ট-এ সাইট ডেভেলপমেন্ট এর কাজ শুরু করেছে। ৩০ কি: মি: ডাকটাইল আয়রন পাইপ (১৪০০ মি:মি: ডায়া) আমদানী করা হয়েছে এবং ২০ কি:মি: পাইপ স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমান কাজের বাস্তব অগ্রগতি ৬০% কাজটি জুন, ২০১৮ এর মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে।



ফকিরহাট ও মোল্লাহট, বাগেরহাটে Raw Water Pipe line